# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৯৮

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ -আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

## اَلْفصْلُ الثَّنِ (بَاب مَنَاقِب عَلَيّ بن أبي طَالب)

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعَلِيٍّ: «يَا عَلِيُّ لَا يَحِلُّ لِأَحَدٍ يُجْنِبُ فِي هَذَا الْمَسْجِدِ غَيْرِي وَغَيْرَكَ» قَالَ عَلِيُّ بْنُ الْمُنْذِرِ: فَقُلْتُ لِضِرَارِ بْنِ صُرَدٍ: مَا مَعْنَى هَذَا الْحَدِيثِ؟ قَالَ: لَا يَحِلُّ لِأَحَدٍ يَسْتَطْرِقُهُ جُنُبًا غَيْرِي وَغَيْرَكَ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

اسناده ضعيف ، رواه الترمذی (3727) * فیہ عطیة العوفی : ضعیف ۔
(ضَعِيف)

বাংলা

৬০৯৮-[১২] আবূ সাঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) আলী (রাঃ)-কে লক্ষ্য করে বললেন, হে আলী! আমি ও তুমি ছাড়া এ মসজিদে জুনুবী (নাপাকী) অবস্থায় অন্য কারো প্রবেশ করা বৈধ নয়।
(অধস্তন বর্ণনাকারী) আলী ইবনুল মুনযির বলেন, আমি যিরার ইবনু সুরাদ-কে হাদীসটির ব্যাখ্যা জিজ্ঞেস করলে তিনি বললেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: নাপাকী অবস্থায় আমি ও তুমি ছাড়া অন্য কারো জন্য এই মসজিদের ভিতর দিয়ে পথ অতিক্রম করা বৈধ নয়। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি হাসান ও গরীব]।

ফুটনোট

য'ঈফ: তিরমিযী ৩৭২৭, য'ঈফুল জামি ৬৪০২, য'ঈফাহ ৪৯৭৩; কারণ সালিম ইবনু আবূ হাফসাহ ও ‘আত্বিয়্যাহ আল ‘আওফী উভয়েই য'ঈফ, হিদায়াতুর রুওয়াত ৫/৪৩০ পৃ.।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে তাদের দুজনের বিষয়টি খাস করার অর্থ হলো, তাদের দুজনের ঘরের দরজা মসজিদের ভেতর দিয়ে ছিল। নবী (সা.)-এর ঘরের দরজা তো মসজিদের ভিতর দিকে ছিল। তার ঘরের দরজা খুললেই মসজিদ তার সামনে পড়ত। অনুরূপ ‘আলী (রাঃ)-এর ঘরের দরজাও ছিল। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86074

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন